ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৭৫

খোয়াই, ১৩ জুন, ২০২৫

**ধরতি আবা ঃ ১৫ থেকে ৩০ জুন খোয়াই জেলার বিভিন্ন ব্লকে শিবির করে পরিষেবা দেওয়া হবে**

আগামী ১৫ থেকে ৩০ জুন পর্যন্ত খোয়াই জেলার বিভিন্ন ব্লক এলাকায় ধরতি আবা প্রকল্প সম্পর্কে বিভিন্ন অংশের মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলা হবে এবং শিবিরের মাধ্যমে বিভিন্ন পরিষেবা প্রদান করা হবে। আজ খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ১৫ থেকে ৩০ জুন পর্যন্ত সময়ে জেলার অন্তর্গত পদ্মবিল, তুলাশিখর, তেলিয়ামুড়া ও মুঙ্গিয়াকামী ব্লকের বিভিন্ন ভিলেজে শিবির করা হবে। শিবিরগুলিতে সুবিধাভোগীদের আধার কার্ড, এসটি সার্টিফিকেট, রেশন কার্ড, পানীয়জল, বিদ্যুৎ ইত্যাদি বিভিন্ন সুবিধা প্রদান করা হবে।

******